

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১.২২৬

তারিখ- ২৬/১২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় জীবিকায়ন ভিত্তিক শিল্প পল্লী গঠনের লক্ষ্যে উদ্যোক্তা বেইজ সমিতি গঠন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী উন্নত, আত্মনির্ভরশীল ও দারিদ্র্যমুক্ত পল্লী গঠনের মাধ্যমে প্রকল্পভুক্ত যে সকল এলাকায়/গ্রামে সুনির্দিষ্ট পণ্য বা জীবিকার সুযোগ-সুবিধা রয়েছে সে সকল এলাকায় জীবিকায়ন ভিত্তিক শিল্প পল্লী গঠনের লক্ষ্যে উদ্যোক্তা বেইজ সমিতি গঠন করতে হবে। উদ্যোক্তা তৈরির লক্ষ্যে এ সকল জীবিকায়ন ভিত্তিক শিল্প পল্লীর আওতায় ভুক্ত সদস্যদের বিভিন্ন আইজিএ ভিত্তিক দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ, ঋণ সহায়তা প্রদান, কারিগরি সহায়তা প্রদান, পণ্যের বিপণন, মার্কেট লিংকেজ তৈরি এবং পণ্যের প্রচার ও প্রসার ইত্যাদি বিষয়ে সার্বিক সহায়তা প্রদান করা হবে। তাছাড়া জীবিকায়ন ভিত্তিক এই সকল শিল্প পল্লীসমূহে উৎপাদিত পণ্য দেশের বিভিন্ন অঞ্চলের সাথে বিপণন নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করার লক্ষ্যে ইরেসপো-২য় পর্যায় প্রকল্প থেকে সকল ধরনের আইসিটি সহায়তা প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দেশের প্রতিটি উপজেলা কোন না কোন বিশেষ পণ্যের জন্য বিখ্যাত বা পণ্যটির প্রচুর সম্ভাবনা রয়েছে। উক্ত সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে উপজেলার সুফলভোগী সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো সম্ভব।

এমতাবস্থায় তীর উপজেলাধীন সকল ইউনিয়নে সরেজমিনে যাচাই করে কি ধরনের জীবিকায়ন ভিত্তিক শিল্প পল্লী নির্ভর উদ্যোক্তা সমিতি গঠন করার সম্ভাবনা রয়েছে তা নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ০৪/০১/২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	কি ধরনের জীবিকায়ন ভিত্তিক শিল্প পল্লী নির্ভর উদ্যোক্তা সমিতি গঠনের সম্ভাবনা রয়েছে উক্ত আইজিএ'র নাম	জীবিকায়ন শিল্প পল্লী নির্ভর উদ্যোক্তা সমিতি গঠন করা হলে কি ধরনের সহায়তা করার প্রয়োজন হবে	ইতোমধ্যে জীবিকায়ন শিল্প পল্লী নির্ভর উদ্যোক্তা সমিতি গঠন করা হয়ে থাকলে সমিতির নাম ও আইজিএ'র নাম	গ্রামের নাম	ইউনিয়নের নাম	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি

উপজেলা:, জেলা:(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১.২২৬

তারিখ- ২৬/১২/২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা: (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. অফিস নথি/গার্ডফাইল।

মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক